শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।
www.dphe.gov.bd

স্মারক নং-৪৬.০৩.২৬০০.০৮১.১১.২৩৩.১৮-২৬২ তারিখঃ ২২/০৩/২০২০ খ্রিঃ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগের অধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিম্নবর্ণিত রাজস্ব/অস্থায়ী রাজস্ব খাতভূক্ত পদে নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা এবং নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স সীমা (০১/০৩/২০২০ খ্রিঃ তারিখে) | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবে না |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১। | অফিস সহায়ক | ৭২ | টাঃ ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ১৮ হতে ৩০ বছর | অষ্টম শ্রেণি পাস | শেরপুর, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, সিরাজগঞ্জ, নওগাঁ, ঠাকুরগাঁও, খুলনা, মাগুরা, বরিশাল, বরগুনা, ঝালকাঠি। (সকল জেলার এতিম/প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন) |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

১। প্রার্থীর বয়সসীমা ০১/০৩/২০২০ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের সনদ মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

২। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dphe.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন।

আবেদনের সময়সীমা নিম্নরূপ ঃ

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩১/০৩/২০২০ খ্রিঃ, সকাল ৯.০০ টা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৩/০৪/২০২০খ্রিঃ, বিকাল ০৫.০০টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান ঃ Online এ আবেদনপত্র Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদন Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application Copy পাবেন। উক্ত Application Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষন করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ টাকা ৫৬/- (ছাপ্পান্ন) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: DPHE<Space>User ID Send করতে হবে 16222 নম্বরে।
Example: DPHE ABCDEF & Send to 16222
Reply: Applicants Name, Tk.56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DPHE<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DPHE<Space>Yes<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DPHE Yes 12345678
Reply: Congratulations Applicants Name Payment completed successfully for DPHE application for Post -------- User ID is (ABCDEF) and password (------------)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dphe.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS এ প্রেরিত User ID এবং Passward ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Passward পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DPHE<Space>Help<Space>User<Space>User ID Send to 16222.
Example: DPHE Help User ABCDEF & Send to 16222.

(ii) PIN Number জানা থাকলে DPHE<Space>Help<Space>PIN<Space>PIN No & Send to 16222.
Example: DPHE Help PIN 12345678 & Send to 16222.

৪। প্রার্থীর যোগ্যতা যাচাই ঃ

মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক-ঘ) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ।
খ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ ও অন্যান্য সনদ।
গ) কোটার দাবীর সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্র।
ঘ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি Applicant's Copy.

৫। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটের (www.dphe.gov.bd) চাকুরি সংক্রান্ত সেবা বক্সে পাওয়া যাবে।
৬। কোটার ক্ষেত্রে প্রচলিত সরকারি বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করা হবে।
৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
৮। অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত হয়নি এমন কোন বিষয়ে সিদ্ধান্তের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় এর প্রচলিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
৯। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১০। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

Msumer.
22/03/2020
মোহাম্মদ ফয়েজুল ইসলাম সুমন
নির্বাহী প্রকৌশলী
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির পদে বাছাই/নির্বাচন ও পদোন্নতি কমিটি